

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
বীর উত্তম এ, কে খন্দকার রোড
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং ৫১.০১.০০০০.০১১.১৮.১২৮.১৯-২৮৪

তারিখ: ০২ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
১৬ মে' ২০১৯ খ্রিস্টাব্দ

প্রেরকঃ উপ-পরিচালক (কাবিখা-১)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

প্রাপকঃ ১। জেলা প্রশাসক, খুলনা।
২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
খাদ্য ভবন, ১৬ আঃ গণি রোড, ঢাকা।

বিষয়ঃ ২০১৮-২০১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে সংরক্ষিত মহিলা আসনের মাননীয় সংসদ সদস্যের অনুকূলে সোলার হোম সিস্টেম, সোলার মিনি/মাইক্রো/ন্যানো, গ্রীড, সৌর সেচ পাম্প, বায়োগ্যাস প্ল্যান্ট ও উন্নত চুলা প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত নগদ অর্থ বরাদ্দ প্রদান প্রসঙ্গে।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ১৫/০১/২০১৯ খ্রি: তারিখের ৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.১৮-১১০ নং মঞ্জুরী আদেশের আলোকে চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেটে কোড নং ১৪৯০১০১-২১১০০০৩০০-৩৭২১১০১ কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচির খাত হতে নিম্নবর্ণিতভাবে ও শর্তে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় সোলার হোম সিস্টেম, সোলার মিনি/মাইক্রো/ন্যানো, গ্রীড, সৌর সেচ পাম্প, বায়োগ্যাস প্ল্যান্ট ও উন্নত চুলা প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের নিমিত্ত সংরক্ষিত আসনের মাননীয় সংসদ সদস্যের অনুকূলে ২য় পর্যায়ে ১৭,৯৯,২৮০/- (সতের লক্ষ নিরানব্বই হাজার দুইশত আশি) টাকা নির্দেশক্রমে বরাদ্দ প্রদান করছি। জেলা প্রশাসক, সংরক্ষিত আসনের মাননীয় সংসদ সদস্যের অভিপ্রায় অনুযায়ী উক্ত অর্থ উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করবেন এবং নিম্নবর্ণিত শর্ত ও নির্দেশনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করবেন।

২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় জেলা প্রশাসকের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ছাড় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এই ব্যয় চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেটে কোড নং ১৪৯০১০১-২১১০০০৩০০-৩৭২১১০১ কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচির খাত হতে নির্বাহ করা হবে।


সংরক্ষিত আসনের মাননীয় সংসদ সদস্যের নাম ও আসন নম্বর	জেলার নাম	উপজেলার নাম	বরাদ্দকৃত টাকার পরিমাণ
গ্লোরিয়া ঝর্ণা সরকার মাননীয় সংসদ সদস্য ৩৩০, মহিলা আসন-৩০	খুলনা	দাকোপ	১৫,০৬,৯৬০/-
		বটিয়াঘাটা	২,০৬,০৮০/-
		রুপসা	৭৩,৩৬০/-
		তেরখাদা	১২,৮৮০/-
মোট=			১৭,৯৯,২৮০/- (সতের লক্ষ নিরানব্বই হাজার দুইশত আশি) টাকা

শর্তসমূহঃ-

- (১) এ মন্ত্রণালয়ের ২য় কিস্তির বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা কাবিখা কর্মসূচির নির্দেশিকা অনুসরণ করে সত্তর জেলা কর্তৃক কমিটির নিকট প্রেরণ করতে হবে;
- (২) এ মন্ত্রণালয়ের ২য় পর্যায়ের বরাদ্দের বিপরীতে প্রকল্প কাজ আগামী ৩০/০৬/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;
- (৩) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধান ও কাবিটা নির্দেশিকা-২০১৪ এর অনুশাসন যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৪) এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাহাই কাবিখা কর্মসূচির নির্দেশিকা ৪ নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৫) পি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। পি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করা।
- (৬) নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পূর্ণ না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত খাদ্যশস্য ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ।

চলমান পাতা-২

- (৭) প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করা।
- (৮) বরাদ্দ প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষাংগিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য/টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;
- (৯) কোনো প্রকল্প ভূয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত আইন/বিধির আওতায় আনা।
- (১০) প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন এবং অপচয় রোধকল্পে আপনার প্রতিনিধি দ্বারা প্রকল্পগুলোর সার্বিক পর্যবেক্ষণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করতে হবে;
- (১১) নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।


(মো. মনিরুজ্জামান)
(উপসচিব)

উপ-পরিচালক(কাবিখা-১)

ফোনঃ ৯৮৮৬৪৭৩।

ই-মেইল-ddmreport@gmail.com

স্মারক নং ৫১.০১.০০০০.০১১.১৮.১২৮.১৯-২৮৪


তারিখ: ০২ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
১৬ মে' ২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। জনাব গ্লোরিয়া বার্গা সরকার, মাননীয় সংসদ সদস্য ৩৩০, মহিলা আসন-৩০।
- ২। বিভাগীয় কমিশনার, খুলনা।
- ৩। পরিচালক(মুওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার,, জেলাঃ খুলনা।
- ৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, খুলনা।
- ৬। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। (বরাদ্দপত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, খুলনা। (উল্লেখিত অর্থ ibas⁺⁺ এ ছাড়করণের জন্য উপ-বরাদ্দের কপি ddmreport@gmail.com ই-মেইলে প্রেরণের অনুরোধ সহ)
- ৮। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,, জেলাঃ খুলনা।
- ৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,, জেলাঃ খুলনা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, ইউকল (IDCOL), ইউটিসি ভবন, ১৬ তলা, ৮ পান্থপথ, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মো. মনিরুজ্জামান)
(উপসচিব)

উপ-পরিচালক(কাবিখা-১)

ফোনঃ ৯৮৮৬৪৭৩।